# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২৫৮

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬. মসজিদ প্রসঙ্গ - মসজিদে হাদ্দ (শরীয়ত কর্তৃক শাস্তি) প্রতিষ্ঠা করা নিষেধ

আরবী

وَعَنْ حَكِيمِ بْنِ حِزَامٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم: «لَا تُقَامُ الْحُدُودُ فِي الْمَسَاجِدِ, وَلَا يُسْتَقَادُ فِيهَا». رَوَاهُ أَحْمَدُ, وَأَبُو دَاوُدَ بِسَنَدٍ ضَعِيفٍ

حسن. رواه أحمد (3/ 434)، وأبو داود (4490)، وإذا كان الحافظ ضعَّفه هنا، فقد قال في «التلخيص» (4/ 78): لا بأس بإسناده

বাংলা

২৫৮. হাকিম বিন হিযাম (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মসজিদে ’হাদ্দ’ কার্যকর করা ও ’কিসাস’ (হত্যার বদলে হত্যা) নেয়া যায় না। -আহমাদ ও আবূ দাউদ, দুর্বল সানাদে।[1]

ফুটনোট

[1] আবূ দাউদ ৪৪৯০, আহমাদ ১৫১৫১

নাসীরুদ্দীন আলবানী সহীহুল জামে (৭৩৮১) গ্রন্থে হাসান ও ইমাম সুয়ূতী জামে ছগীর (৯৮৩৯) গ্রন্থে হাদীসটিকে সহীহ বলে উল্লেখ করলেও এই হাদীসের এক জন বর্ননাকারী ইসমাঈল বিন মুসলিম আল মাক্কী রয়েছেন। তার সম্পর্কে তিরমিযী (১৪০১) বাযযার তার আল বাহরুয যিখার (১১/১১৪) গ্রন্থদ্বয়ে বলেছেন তার সম্পর্কে আহলুল ইলমগণ সমালোচনা করেছেন। ইবনু হাজার তার আল মাহাল্লী (১১/১২৩) গ্রন্থে বলেন, এই হাদীসের দুই জন রাবী ইসমাঈল বিন মুসলিম ও সাঈদ বিন বাসীর দুর্বল। ইমাম বায়হাক্বী সুনানুল কুবরা (৪/৩৯) গ্রন্থে হাদীসটিকে মাওসুল এবং ইবনু কাত্তান আল ওয়াহাম ওয়াল ইহাম (৫/৪৯৬) গ্রন্থেও অনুরুপ বলেছেন। ইমাম হায়সামী

মাজমাউয যাওয়ায়িদ (২/২৮) গ্রন্থে যুবায়ির বিন মুত্বয়ীম বর্ণিত হাদীসের রাবী আল ওয়াকেদীকে দুর্বল বলেছেন। ইমাম যাহাবী মিযানুল ইতিদাল (১/২৪৯) গ্রন্থে হাদীসটিকে মুনকার বলেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ হাকীম ইবনু হিযাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70069

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন